Department of Education
Chancellor Richard A. Carranza

26 ফেব্রুয়ারী, 2021

প্রিয় পরিবারবর্গ,

আমি আশা করছি যে আপনি এবং আপনার পরিবার নিরাপদ ও সুস্থ আছেন। কিছু গুরুত্বপূর্ণ সংবাদ জানাতে আমি আজ লিখছি।

তিন বছর DOE-তে নেতৃত্ব দেয়ার পর, এই মার্চ-এ আমি চ্যান্সেলর পদ থেকে পদত্যাগ করছি।

DOE পরিবার ছেড়ে যেতে আমার মিশ্র অনুভূতি হচ্ছে। আপনাদের পরিষেবা দিতে পারা এবং আপনাদের সন্তানদের স্কুল ও আমাদের পুরো সিস্টেমটিকে সম্পূর্ণ সম্ভাবনা অর্জনের কাছাকাছি নিয়ে যেতে পারা আমার পেশাজীবনের জন্য একটি সম্মানজনক অধ্যায়। আপনাদের সন্তানরা—আমাদের 1 মিলিয়ন শিক্ষার্থীদের—দৃঢ়তা ও সহনশীলতা বিস্ময়করভাবে অনুপ্রেরণাদায়ক। এটাই আমাকে এই অভূতপূর্ব সঙ্কটে পরিচালিত করেছে, এবং এই পদ ছেড়ে যাবার পথে এটাই আমি আমার সাথে নিয়ে যাচ্ছি। আপনাদের সন্তানদের ও আপনাদের স্কুল কমিউনিটির প্রতি আপনারা যে অঙ্গীকার ও সমর্থন প্রদর্শন করেছেন, সেটা অসাধারণ।

ছেলেমেয়েদের মাঝে সবচেয়ে শক্তিশালী সমতা প্রদানকারক হচ্ছে পাবলিক এডুকেশন - আমার পেশাজীবন জুড়ে, এটা আমার পথ নির্দেশনার আলো হিসেবে কাজ করেছে। পাবলিক এডুকেশন হচ্ছে কমিউনিটিগুলোর নঙ্গর। পাবলিক এডুকেশন একটি শিশু যে দরিদ্র, অথবা অস্থায়ী আবাসনে (টেম্পোরারি হাউজিং) বসবাস করে, অথবা—আমার নিজের ক্ষেত্রেই—যে পাবলিক স্কুল সিস্টেমে প্রবেশের সময় ইংরেজি বলে না, তাকে স্বপ্ন তৈরি করতে এবং সেই স্বপ্নের পিছে ছুটে যাওয়া সম্ভব করে। সত্যিকারভাবেই, পাবলিক এডুকেশন আমাদের গণতন্ত্রের সর্বোচ্চ আদর্শ প্রকাশ করে। বরোব্যাপী স্কুলগুলোতে আমি যখন এটার চর্চা বারবার হতে দেখেছি, তা নিউ ইয়র্ক সিটিতে থাকাকালীন সময়ে আমার এই বিশ্বাসটিকে দৃঢ়তর করেছে।

এবং একসাথে, আমরা সেই প্রমাণ পেয়েছি। গ্র্যাজুয়েশনের হার ও কলেজে ভর্তির হার ক্রমশ বৃদ্ধি এবং ড্রপআউটের (কলেজ ছেড়ে যাবার) হার ক্রমশ নিম্নতর করার মাধ্যমে আমাদের সিনিয়রেরা অব্যাহতভাবে তাদের নিজেদের রেকর্ড নিজেরাই ভাঙ্গছে।

আমরা কাঠামো ও নীতিমালা পরিবর্তনে সত্যিই অগ্রগতি অর্জন করেছি যেগুলো যুগ যুগ ধরে বর্ণবাদে গাঁথা এই সিটি ও দেশে উৎপাদিত। আমরা পৃথক ব্যবস্থা (সেগ্রেগেশন) দূর করতে এবং একটি নিগূঢ় ধারণা থেকে সত্যিকার "সমতা" বাস্তবে রূপ দিতে কাজ করেছি। প্রতিটি স্কুল, যেটা ভর্তিতে ছেলেমেয়েদের যাচাই (স্ক্রিন) করেনা, এবং প্রতিটি ডিস্ট্রিক্ট, যেটা স্বল্প-আয়ের শিক্ষার্থী অথবা ইংরেজি ভাষা শিক্ষার্থীদের (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার) জন্য অধিকতর স্থান সংকুলান করে, সেগুলো এই লক্ষ্য বাস্তবে রূপ দিচ্ছে।

অবশেষে, আমরা আমাদের ছেলেমেয়েদের মানসিক স্বাস্থ্য স্পটলাইটে নিয়ে এসেছি এবং সেটাকে প্রাধান্য দিয়েছি যেন প্রতিটি ছেলেমেয়ে তাদের ক্লাসরুম ও স্কুল কমিউনিটিতে স্বাগত, স্বাচ্ছন্দ্য, এবং নিরাপদ বোধ করে—বিশেষ করে এখন, যখন আমাদের বহু শিক্ষার্থীরা অপ্রকাশ্য মানসিক আঘাত বা কষ্ট মোকাবিলা করছে।

এবং, অবশ্যই, COVID-19 বিশ্বব্যাপী মহামারীর শুরুতে আমাদের শিক্ষার্থী, স্টাফ, পরিবার, ও কমিউনিটিদের স্বাস্থ্য সুরক্ষায় দেশের সর্ববৃহৎ স্কুল সিস্টেমটিকে আমরা রাতারাতি রূপান্তরিত করেছি। নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলোতে শিক্ষাদান ও শিক্ষা গ্রহণের অর্থ কী, তা পুনঃআবিষ্কার করেছি।

সবকিছু জুড়ে, রাজনৈতিকভাবে কোনটি জনপ্রিয় সেটার পরিবর্তে ছেলেমেয়েদের জন্য কোনটি সবচেয়ে ভাল সেটাকে আমি প্রাধান্য দিয়েছি। আমি কখনোই কঠিন আলোচনা থেকে পিছপা হইনি। আমি সবসময়ই বিশ্বাস করেছি যে আমাদের প্রতিটি শিক্ষার্থীর জন্য উচ্চ প্রত্যাশা ধার্য করা প্রয়োজন—এবং এরপর সেটা অর্জনে যা কিছু করা প্রয়োজন সবকিছু করা।

আপনারা, আপনাদের সন্তানরা, এবং নিবেদিত স্টাফগণ যারা আপনাদের পরিষেবা দিচ্ছে, আপনাদের সকলের পরবর্তী চ্যান্সেলর থেকে চলমানতা ও সাহসী নেতৃত্ব প্রাপ্য। আপনাদের এমন একজন প্রয়োজন যার আমাদের স্কুলগুলোর বাস্তবতা সম্পর্কে ব্যক্তিগত

Department of Education
Chancellor Richard A. Carranza

অভিজ্ঞতা রয়েছে, এবং শিক্ষা বছরটি দৃঢ়তার সাথে শেষ করার ও সকল শিক্ষার্থীদের সেপ্টেম্বরে স্কুল ভবনগুলোতে ফিরিয়ে আনতে কাজ করার প্রতিভা ও নেতৃত্বের গুণাবলী রয়েছে।

সেজন্য আমি অত্যন্ত গর্বিত যে এই কাজে সবচেয়ে গুরুত্বপূর্ণ নেতাদের একজন এই সম্মান গ্রহণ করবেন এবং আপনাদের চ্যান্সেলর হিসেবে দায়িত্ব পালন করবেন, তিনি হচ্ছেন: মিশা পোর্টার (Meisha Porter)।

মিশা (Meisha) 20 বছর যাবত নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলোতে কাজ করছেন, এবং বর্তমানে ব্রংক্স এক্সিকিউটিভ সুপারিনটেনডেন্ট হিসেবে পরিষেবা দিচ্ছেন। এই ভূমিকায়, তিনি কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট 7-12 নেতৃত্ব দিচ্ছেন, যেটায় সম্পূর্ণ বরো, সেটার 361-টি স্কুল ও 235,000 জন শিক্ষার্থী অন্তর্ভুক্ত। তিনি একজন আজীবন নিয়র্কবাসী এবং আমাদের পাবলিক স্কুলগুলোতে শিক্ষিত, যিনি প্রথম ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ব্রংক্স স্কুল ফর ল্য, গভর্নমেন্ট, অ্যান্ড জাস্টিস-এ একজন শিক্ষিকা হিসেবে যোগ দেন—এবং এই স্কুলটির পরিকল্পনা ও গঠনে তিনি সহায়তা করেছেন। 18 বছর ঐ স্কুলে শিক্ষকতা করার পর, তিনি সেখানে প্রিন্সিপ্যাল পদে অধিষ্ঠিত হন, এরপর মিশা (Meisha) তিন বছর ডিস্ট্রিক্ট 11-এর সুপারিনটেনডেন্ট হিসেবে ব্রংক্স-এর পেলহাম পার্কওয়ে, ইস্টচেস্টার, এবং উডলন নেইবারহুডগুলোতে পরিষেবা প্রদান করেন। তিনি 2018 থেকে এক্সিকিউটিভ সুপারিনটেনডেন্ট হিসেবে দায়িত্ব পালন করছেন, এবং ঐ সময়ে, ব্রংক্সের শিক্ষার্থীরা উল্লেখযোগ্য শিক্ষাগত সফলতা অর্জন করেছে, এবং স্কুলগুলো ভালো থেকে অধিকতর ভালো হয়েছে।

মিশা (Meisha) আমাদের শিক্ষার্থী ও স্কুলগুলোর এক অতুলনীয় যোদ্ধা। তিনি তাদের মাঝে পড়াশোনা করেছেন, তাদের শিক্ষকতা করেছেন, তাদের নেতৃত্ব দিয়েছেন, এবং এখন তাদের **সকলের** জন্য চ্যান্সেলর হবেন। বিগত কয়েকজন চ্যান্সেলর—আমি সহ—নিয়োগপ্রাপ্তির সময় থেকে, কেহই সক্রিয়ভাবে আমাদের স্কুলগুলোতে প্রতিদিন কাজ করিনি। আপনারা ও আপনাদের ছেলেমেয়েদের সহায়তা দিতে, মিশা (Meisha) তাঁর অতীত ও বর্তমান সকল অভিজ্ঞতা ব্যবহার করে, এই ছাঁচ ভেঙ্গে দেবেন। আপনারা শীঘ্রই মিশা (Meisha)-এর কাছ থেকে আরো জানতে পারবেন, এবং একটি স্বচ্ছন্দ ও ফলপ্রসূ উত্তরণ নিশ্চিত করতে আমি তাঁর সাথে পরবর্তী কয়েক সপ্তাহ কাজ করবো।

সর্বোপরি, আমি আপনাদের পরিষেবা দিতে পেরে গর্বিত, এবং আমরা যা অগ্রগতি অর্জন করেছি সেজন্য অত্যন্ত গর্বিত। এরপর আমার সামনে কী রয়েছে জানি না, কিন্তু আমি জানি আমি যেখানেই যাই না কেন এবং সর্বত্র আমি নিউ ইয়র্ক সিটির ধ্যান-ধারণা ও সমৃদ্ধি সাথে নিয়ে যাবো।

আপনাদের চ্যান্সেলর হিসেবে পরিষেবা দিতে পারা আমাকে একটি জীবনভর সম্মাননা এনে দিয়েছে। আমি আপনাদের প্রত্যেকের কাছে কৃতজ্ঞ।

বিনীত,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন